# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ-০৮২১ ৭২৮৩৯৭
ফ্যাক্স ঃ-
ইমেইল ঃ ce.sylhet.bwdb@gmail.com

প্রধান প্রকৌশলীর দপ্তর
উত্তর-পূর্বাঞ্চল,
বাপাউবো, শাহী ঈদগাহ্, সিলেট।

**বিষয়ঃ- দীর্ঘ দিনের পুরাতন অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্ট করার অনুষ্ঠিত কমিটি'র সভার কার্যবিবরণী।**

**সভাপতিঃ-** জনাব এস.এম. শহিদুল ইসলাম, প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।

**সভার তারিখঃ-** ২৭-০৯-২০২১ খ্রিঃ।

**সভার সময়ঃ-** বেলা ১২.৩০, রোজঃ- সোমবার।

**স্থানঃ-** প্রধান প্রকৌশলী দপ্তর, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।

সভায় সিলেট পওর সার্কেল ও সিলেট পওর বিভাগ এর কর্মকর্তাগণ স্ব-শরীরে স্বাস্থ্যবিধি মেনে এবং জোনের মাঠ দপ্তরের কর্মকর্তাগণ **Zoom** আইডির মাধ্যমে উপস্থিত ছিলেন। তালিকা পরিশিষ্ট-ক এ সন্নিবেশিত।

২.০। সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ে সকলকে অফিসে অপ্রয়োজনীয় নথি সম্পর্কে আলোচনা করার জন্য সভায় অনুরোধ করেন। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মৌলভীবাজার পওর সার্কেল, বাপাউবো, মৌলভীবাজার আলোচনায় অংশগ্রহণ করেন। অতঃপর সভাপতি অপ্রয়োজনীয় নথি সম্পর্কে বলেন অনেক দপ্তরে দেখা যায় দীর্ঘ দিন পর্যন্ত অনেক অপ্রয়োজনীয় নথি এমনভাবে আছে যে, অফিসে বা দপ্তরের জায়গার সংকুলান হয় না। এ সমস্ত নথি শ্রেনি-বিন্যাস পূর্বক-অতি শীঘ্রই তালিকা তৈরী পূর্বক অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্ট সভায় উপস্থাপনের জন্য নিম্নরূপে আলোচনা করেনঃ-

**নথির শ্রেনির বিন্যাস সচিবালয়ের নির্দেশমালা অনুযায়ী সংরক্ষণের উদ্দেশ্যে রেকর্ডসমূহকে নিম্নলিখিত চারটি শ্রেণিতে ভাগ করিতে হইবেঃ-**

**(ক) 'ক' শ্রেনির রেকর্ডঃ-** ইহা স্থায়ী রেকর্ড, যাহার স্থান অন্য কিছুর দ্বারা পূরনীয় নহে। স্থায়ী মূল্যে অত্যাবশ্যকীয় নথিগুলি এই শ্রেনির অন্তর্ভুক্ত।

(অ) নীতি, আইন, বিধি এবং প্রবিধানসংক্রান্ত গুরুত্বপূর্ণ বিষয়ের উপর আলোচনা ও আদেশ সংবলিত নথিসমূহ;
(আ) বরাতসূত্র নির্দেশের ব্যাপারে সুদীর্ঘকালের জন্য প্রায়ই প্রয়োজন হইতে পারে এইরূপ গুরুত্বপূর্ণ আদেশের পূর্বদৃষ্টান্ত বিষয়ক নথিসমূহ;
(ই) যাহাদের ব্যাপারে স্থায়িভাবে সংরক্ষণ করা প্রয়োজন এইরূপ গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ সম্পর্কিত নথি; এবং
(ঈ) রাষ্ট্রীয় দলিলপত্র (State documents) যেমনঃ সন্ধিপত্র (treaties) এবং বিদেশের সহিত চুক্তিপত্র বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের জমি বা সম্পত্তি মালিকানা সম্পর্কিত কাগজ পত্র।

**(খ) 'খ' শ্রেনির রেকর্ডঃ-** ইহা অর্ধস্থায়ী রেকর্ড। ১০ (দশ) বৎসর অথবা তদূর্ধ্ব সময়ের জন্য এই নথিসমূহ রক্ষিত হইবে। স্থায়িভাবে সংরক্ষণের জন্য যথেষ্ট গুরুত্বপূর্ণ নয় অথচ ১০ (দশ) বৎসর কাল অথবা উহাদের উপযোগিত অনুসারে তদূর্ধ্বকালের জন্য সংরক্ষণযোগ্য গুরুত্ববহ নথি এই শ্রেনির অন্তর্ভুক্ত। উদাহরণস্বরূপঃ সরকারি কর্মচারীগণের সার্ভিস রেকর্ড, উন্নয়ন প্রকল্প, বাজেট, সরকার কর্তৃক বিভিন্ন সময়ে গঠিত কমিশন/কমিটির গুরুত্বপূর্ণ প্রতিবেদন এবং সরকারের গুরুত্বপূর্ণ নির্বাহী আদেশসংক্রান্ত নথিসমূহ এই শ্রেনির অন্তর্ভুক্ত।

**(গ) 'গ' শ্রেনির রেকর্ডঃ-** ইহা সাধারণ ধরনের রেকর্ড। এই রেকর্ডসমূহ তিন হইতে পাঁচ বৎসর কালের জন্য সংরক্ষিত হইবে। যে নথিসমূহের উপযোগিতা সীমিত এবং রেকর্ডভুক্ত হইবার পর মাত্র কয়েক বৎসরের জন্য প্রয়োজন হইতে পারে ঐগুলি এই শ্রেনির অন্তর্ভুক্ত। উদাহরণস্বরূপঃ ক্রয়-বিক্রয়, অস্থায়ীপদ সৃজন, কর্মকর্তাগণের বদলি এবং প্রশিক্ষণসংক্রান্ত নথিসমূহ। সুনির্দিষ্টকালের জন্য রক্ষিত হইবার পর বিনষ্টযোগ্য।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ-০৮২১ ৭২৮৩৯৭
ফ্যাক্স ঃ-
ইমেইল ঃ ce.sylhet.bwdb@gmail.com

প্রধান প্রকৌশলীর দপ্তর
উত্তর-পূর্বাঞ্চল,
বাপাউবো, শাহী ঈদগাহ্, সিলেট।

(ঘ) **'ঘ' শ্রেনির রুটিন রেকর্ডঃ** এক বৎসর কালের জন্য এই রেকর্ডসমূহ সংরক্ষিত হইবে। সাধারণত এক বৎসর কাল অতিক্রান্ত হইবার পর, যে নথিসমূহের প্রয়োজনীয়তা আর থাকিবে না এইরুপ মামুলি অথবা স্বল্পকালীন প্রকৃতির কাগজপত্র এই শ্রেনির অন্তর্ভুক্ত। এই কাগজপত্রের সূচিকরণ করা হইবে না এবং এক বৎসর পর ইহা বিনষ্ট করা হইবে।



স্থিরচিত্র-১: সিলেট পওর সার্কেল ও সিলেট পওর বিভাগ এর কর্মকর্তাগণ স্ব-শরীরে স্বাস্থ্যবিধি মেনে সভায় উপস্থিত।




স্থিরচিত্র-২: জোনের অন্যান্য মাঠ দপ্তরের কর্মকর্তাগণ Zoom আইডির মাধ্যমে সভায় অংশগ্রহণ করেন।

## ৩.০। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ-

৩.১। রেকর্ড বাছাই ও বিনষ্টকরণের জন্য দপ্তরের প্রশাসনিক কর্মকর্তা প্রতিবৎসর জানুয়ারী মাসে 'বিনষ্টযোগ্য নথিসমূহের নিবন্ধন বহি' পর্যালোচনা করিয়া সেই বৎসরের মধ্যে বিনষ্টযোগ্য নথিসমূহের একটি তালিকা প্রস্তুত করিবেন। বিনষ্টযোগ্য নথিগুলিসহ তিনি ঐ তালিকাটি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট পেশ করিবেন। বিনষ্ট করিবার পূর্বে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ঐ নথিসমূহ পড়িয়া দেখিবেন। ক্ষেত্রবিশেষে শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা যদি কোনো নির্দিষ্ট নথি

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ-০৮২১ ৭২৮৩৯৭
ফ্যাক্স ঃ-
ইমেইল ঃ ce.sylhet.bwdb@gmail.com

প্রধান প্রকৌশলীর দপ্তর
উত্তর-পূর্বাঞ্চল,
বাপাউবো, শাহী ঈদগাহ্, সিলেট।

আরও কতিপয় দিবস রাখিতে হইবে বলিয়া বিবেচিত করেন তাহা হইলে তিনি কত দিবসের জন্য উহা রাখিবেন তাহা নির্দেশপূর্বক লিখিত আদেশ প্রদান করিবেন।

৩.২। আগত এবং প্রেরিত নথি/ডাকের ক্ষেত্রে সংশ্লিষ্ট রেজিস্টার নিয়মিত হালনাগাদ করতে হবে।

৩.৩। সকল দপ্তরে অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্ট যোগ্য নথি তালিকা তৈরী পূর্বক সভায় উপস্থাপনের ব্যবস্থা করতে হবে।

৩.৪। যে সমস্থ নথি রেকর্ড রুমে প্রেরণ করা হচ্ছে তার তালিকা/রেজিস্টার প্রত্যেক দপ্তরে হালনাগাদ করতে হবে।

৪.০। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮/০৯/২০২১খ্রি:

(এস, এম, শহিদুল ইসলাম)
পরিচিতি নং- ৬৫০৩০৭০০১
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
উত্তর-পূর্বাঞ্চল
বাপাউবো, সিলেট।

স্মারক নং -পাউবো/প্রঃপ্রঃ/উঃপূঃ/ ৫১৩

তারিখঃ ২৮/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব-রিজিয়ন/প্রশাসন), বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট/মৌলভীবাজার পওর সার্কেল, বাপাউবো, সিলেট/মৌলভীবাজার।
৩। সচিব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, সিলেট/ সুনামগঞ্জ- ১ /২, /মৌলভীবাজার/মৌলভীবাজার যান্ত্রিক/হবিগঞ্জ পওর বিভাগ, বাপাউবো,সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/মৌলভীবাজার যান্ত্রিক/হবিগঞ্জ ।
৫। উপ-পরিচালক/উপ- বিভাগীয় প্রকৌশলী অত্র দপ্তর।
৬। আঞ্চলিক হিসাব রক্ষণ কর্মকর্তা, বাপাউবো, সিলেট/মৌলভীবাজর ।
৭। অফিস কপি।

২৮/০৯/২০২১খ্রি:

প্রধান প্রকৌশলী
উত্তর-পূর্বাঞ্চল,
বাপাউবো, সিলেট।

পরিশিষ্ট - ক

২৭/০৯/২০২১ খ্রিঃ তারিখে প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট এর সভাকক্ষে সিলেট জোনের আওতাধীন মাঠ পর্যায়ের দীর্ঘ দিনের পুরাতন অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্ট করা বিষয়ক সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা বিবরণীঃ

| ক্রঃ নং- | কর্মকর্তা/কর্মচারীদের নাম ও পদবী | মোবাইল নং- | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | খুশী মোহন সরকার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী | ০১৭১১-২২৮৮২৯ | [signature] ২৭/৯/২১ |
| ০২ | আমিনুল আহমেদ, নির্বাহী প্রকৌশলী, সিলেট পাউর বিভাগ, কানাইঘাট, সিলেট | 01716-994936 | [signature] 27.09.21 |
| ০৩ | নন্দিতা চক্রবর্তী, উপ-সহকারী প্রকৌশলী | ০১৮২০২৮৯১৩০৬ | [signature] 27/09/2021 |
| ০৪ | নাসরিন আনোয়ার মুক্তি, উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর | ০১৬৭৭৫৮৯৭৫৫ | Mukti 27/09/21 |
| ০৫ | রনি দাস, সহকারী প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর | 01861592587 | Rony 27/09/2021 |
| ০৬ | | | |
| ০৭ | | | |
| ০৮ | | | |
| ০৯ | | | |
| ১০ | | | |
| ১১ | | | |
| ১২ | | | |
| ১৩ | | | |
| ১৪ | | | |


[signature]

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ-০৮২১ ৭২৮৩৯৭
ফ্যাক্স ঃ-
ইমেইল ঃ ce.sylhet.bwdb@gmail.com

প্রধান প্রকৌশলীর দপ্তর
উত্তর-পূর্বাঞ্চল,
বাপাউবো, শাহী ঈদগাহ্, সিলেট।

জোনের মাঠ দপ্তরের কর্মকর্তাগণ **Zoom** আইডির মাধ্যমে সভায় অংশগ্রহণের নামের তালিকা:



# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ-০৮২১ ৭২৮৩৯৭
ফ্যাক্স ঃ-
ইমেইল ঃ ce.sylhet.bwdb@gmail.com

প্রধান প্রকৌশলীর দপ্তর
উত্তর-পূর্বাঞ্চল,
বাপাউবো, শাহী ঈদগাহ্, সিলেট।

স্মারক নং -পাউবো/প্রঃপ্রঃ/উঃপূঃ/ ৫০০

তারিখঃ ২৬/০৯/২০২১ খ্রিঃ

## "দপ্তরাদেশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৭/০৯/২০২১ খ্রিঃ রোজ সোমবার ১২ঃ ৩০ টায় প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট এর সভাপতিত্বে অত্র দপ্তরের সভাকক্ষে সিলেট জোনের আওতাধীন মাঠ পর্যায়ের দীর্ঘ দিনের পুরাতন অপ্রয়োজনীয় নথি ধ্বংস/বিনষ্ট করার সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নথির তালিকাসহ সিলেট পওর সার্কেল ও সিলেট পওর বিভাগের কর্মকর্তাগন স্ব-শরীরে স্বাস্থ্যবিধি মেনে যথাসময়ে এবং জোনের মাঠ দপ্তরের সকল কর্মকর্তাগণকে Zoom আইডির মাধ্যমে যথাসময়ে মিটিং এ অংশগ্রহণ/উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

Meeting ID-766 7341 3908

Password- 7WipnX

স্বাক্ষরিত/-
এস, এম, শহিদুল ইসলাম
পরিচিতি নং- ৬৫০৩০৭০০১
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
উত্তর-পূর্বাঞ্চল
বাপাউবো, সিলেট।

স্মারক নং -পাউবো/প্রঃপ্রঃ/উঃপূঃ/ ৫০০

তারিখঃ ২৬/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব-রিজিয়ন/প্রশাসন), বাপাউবো, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট/মৌলভীবাজার পওর সার্কেল, বাপাউবো, সিলেট/মৌলভীবাজার।
৩। সচিব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী, সিলেট/ সুনামগঞ্জ- ১ /২, /মৌলভীবাজার/মৌলভীবাজার যান্ত্রিক/হবিগঞ্জ পওর বিভাগ, বাপাউবো ,সিলেট/সুনামগঞ্জ/মৌলভীবাজার/মৌলভীবাজার যান্ত্রিক/হবিগঞ্জ ।
৫। উপ-পরিচালক/উপ- বিভাগীয় প্রকৌশলী অত্র দপ্তর।
৬। আঞ্চলিক হিসাব রক্ষণ কর্মকর্তা, বাপাউবো, সিলেট/মৌলভীবাজর ।
৭। অফিস কপি।

২৬/০৯/২০২১ খ্রিঃ

অতিরিক্ত প্রধান প্রকৌশলী
উত্তর-পূর্বাঞ্চল
বাপাউবো, সিলেট।